আজকের কাগজ

তারিখ ... 17 FEB 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

174

# কলারোয়া কলেজে শিবির–ছাত্রদল সংঘর্ষ
## ম্যাজিস্ট্রেট ও সাংবাদিকসহ আহত ৫০

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ঘটনাকে কেন্দ্র করে গত ৯ ও ১০ ফেব্রুয়ারি কলারোয়া সরকারি কলেজে ছাত্রদল ও ছাত্র শিবিরের মধ্যে সংঘর্ষে ম্যাজিস্ট্রেট, পুলিশ ও সাংবাদিকসহ কমপক্ষে ৫০ জন আহত হয়েছে। গত মঙ্গলবার দুপুরের দিকে কলেজ ক্যাম্পাসে ছাত্রদল ও ছাত্র শিবিরের কর্মীদের মধ্যে প্রথমে সংঘর্ষের সূত্রপাত ঘটে। এ সময় শতাধিক বোমা ও ককটেল বিস্ফোরিত হয়। উত্তেজিত ছাত্রদলের কর্মীরা স্থানীয় জামাতের অফিস ভাংচুর ও অগ্নিসংযোগ করে। প্রত্যক্ষদর্শীরা জানায়, শিবিরের সঙ্গে প্রায় ৫ শতাধিক জামাতের প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী চাইনিজ কুড়াল, রামদা ও শক্তিশালী বোমা নিয়ে সংঘর্ষে যোগ দেয়। তারা বাস থামিয়ে বিএনপি ও ছাত্রদলের সদস্যদের খুঁজতে থাকে। মুহূর্তের মধ্যে সমগ্র এলাকা রণক্ষেত্রে পরিণত হয়। সংঘর্ষ চলাকালীন সময়ে দোকান ভাংচুরসহ যানবাহনের ব্যাপক ক্ষতিসাধন হয়। এ সময় রিজার্ভ পুলিশ ৯ রাউন্ড ফাঁকা গুলি ও ৩ রাউন্ড টিয়ারগ্যাস নিক্ষেপ করে। সংঘর্ষে পুলিশের ৩ জন সদস্য থানা ম্যাজিস্ট্রেট ও ১ জন সাংবাদিকসহ প্রায় ৫০ জন আহত হয়। এদের মধ্যে ছাত্রদলের গফফার (২০), রশিদ (২১), রবিউল (২০), শিবিরের জাহিদ (২০), জুয়েল (২০), হামিদ (২১), সাইদ (২০)সহ ১০ জনের অবস্থা আশংকাজনক। কলেজ চত্বরসহ বিভিন্ন স্থানে পুলিশ মোতায়েন রয়েছে। এ লেখা পর্যন্ত এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছিলো। কলারোয়া থেকে আজিজুল ইসলাম।